

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/ছাতক/পেনশন/১৯২৭/পাট-২/১০/

তারিখঃ /১১/২০১৬ খ্রিঃ।

প্রাপকঃ অধ্যক্ষ
ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজ
ছাতক, সুনামগঞ্জ।

বিষয়ঃ ইনক্রিমেন্ট জনিত বকেয়া লাম্পসামান্ট মঞ্জুরী প্রসংগে।

সূত্রঃ টিএসসি/ছাতক/পিএফ-১০২/৬/৩৩৮৪ তারিখঃ ০১/১১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজের সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোঃ আব্দুর রউফ এর ইনক্রিমেন্ট জনিত বকেয়া এককালীন আর্থিক মঞ্জুরী প্রদানের জন্য প্রস্তাব পাওয়া গেছে।

উক্ত মঞ্জুরীর ক্ষেত্রে নিরীক্ষায় দেখা যায়, তাঁর বার্ষিক বর্ধিত বেতনের তারিখঃ ০৯/০৪/২০১৫ খ্রিঃ। ০৬/১০/২০১৫ খ্রিঃ তারিখে তাঁর ৩য় টাইমস্কেল অনুযায়ী মূল বেতন ১৮,৫০০/- টাকার উপর জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী ০১/০৭/২০১৫ খ্রিঃ তারিখে তাঁর মূল বেতন ৩৩,৫৮০/- টাকা নির্ধারণ করা হয়। তাঁর জন্ম তারিখঃ ১০/০২/১৯৫৭ হওয়ায় ১০/০২/২০১৬ খ্রিঃ তারিখ হতে মূলবেতন ৩৩,৫৮০/- টাকার উপর পিআরএল মঞ্জুরী প্রদান করা হয়।

ইনক্রিমেন্ট জনিত বকেয়া এককালীন আর্থিক মঞ্জুরী প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন-১ শাখা এর স্মারক নং- ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১).২৩২ তারিখঃ ২১/০৯/২০১৬ খ্রিঃ মোতাবেক “অবসরোত্তর ছুটি (PRL) ভোগরত কর্মচারী অবসরোত্তর ছুটিকালীন সময়ে শুধু একটি বর্ধিত বেতন (Increment) পাইবেন, যাহা কেবলমাত্র তাঁহার পেনশন নির্ধারণের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে” মর্মে পত্রে উল্লেখ আছে (কপি সংযুক্ত)।

যেহেতু তিনি ১০/০২/২০১৬ খ্রিঃ তারিখ হতে পিআরএল ভোগরত সেহেতু ৩০ মার্চ/২০১৬ খ্রিঃ তারিখে প্রকাশিত গেজেট মোতাবেক ১৫/১২/২০১৫ খ্রিঃ তারিখের ইনক্রিমেন্ট উক্ত ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য নয় এবং ইনক্রিমেন্ট জনিত বকেয়া এককালীন আর্থিক মঞ্জুরী প্রদানেরও কোন সুযোগ নাই।

সংযুক্তঃ চাকুরী বহি-০১ টি।

স্বাক্ষরিত/-
(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- টিএসসি/ছাতক/পেনশন/১৯২৭/পাট-২/১০/ ৩৫৬৬ (৪)

তারিখঃ ২০ /১১/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

০১. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ছাতক, সুনামগঞ্জ।
০২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
০৩. জনাব মোঃ আব্দুর রউফ, সহকারী সুপারিনটেনডেন্ট, ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজ, ছাতক, সুনামগঞ্জ।
০৪. সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।